

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৪২.০০১.২০.৬৬০


তারিখ: ১২ বৈশাখ ১৪২৯

২৫ এপ্রিল ২০২২

অফিস আদেশ

নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন “খানসিড়ি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ” এর নিবন্ধন নং- ১৩৮ (নোয়া), তারিখ : ১২/০৮/২০১২ খ্রি., গ্রাম/মোকাম : ঘাটলা, ডাকঘর : ঘাটলা, উপজেলা : বেগমগঞ্জ, জেলা : নোয়াখালী এর যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এ কার্যালয়ের আদেশ নং- ৪৭.৬১.৭৫০০.০০০.৪২.০০১.২০-৩৯৫, তারিখ : ০৬/০৩/২০২২ খ্রি. মূলে নিবন্ধন বাতিল করা হয়। সমিতির নিবন্ধন বাতিল করার পূর্বে অত্র কার্যালয়ের স্মারক নং- ৪৭.৬১.৭৫০০.০০০.৪২.০০১.২০-২১৬, তারিখ : ০৬/০২/২০২২ খ্রি. মূলে “নিবন্ধন কেন বাতিল করা হবে না” মর্মে প্রেরিত কারণ দর্শানোর নোটিশ পাওয়ার পূর্বে সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় এবং সমিতির সাময়িক অব্যবস্থাপনার কারণে জবাব দাখিল করতে পারেননি বলে সমিতির কর্তৃপক্ষ জানান। বর্তমানে তারা সমিতি পরিচালনায় আগ্রহী। এতদসংক্রান্ত বিষয়ে বিগত ০২/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় সমিতির ৫১ জন সদস্যের মধ্যে ৩৫ জন সদস্য উপস্থিত হয়ে সমিতির কার্যক্রম পুনরায় চালু করার মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের নিমিত্তে নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের জন্য জেলা সমবায় অফিসার, নোয়াখালী বরাবর আবেদনের সিদ্ধান্ত গ্রহণ করেন।

উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী কর্তৃক উক্ত সমিতির নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের সুপারিশের প্রেক্ষিতে এবং সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৬৫.৪২.০০১.১৬-২০৪, তারিখ : ১৯/০৭/২০১৭ খ্রি. এর ০১ নং অনুচ্ছেদের আলোকে বর্ণিত সমবায় সমিতির যাবতীয় কার্যক্রম সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী পরিচালনার শর্তে নিবন্ধন বাতিল আদেশ নং-৪৭.৬১.৭৫০০.০০০.৪২.০০১.২০-৩৯৫, তারিখ : ০৬/০৩/২০২২ খ্রি. এতদ্বারা প্রত্যাহার করা হলো।



২৫-৪-২০২২

মোঃ ইমরান হোসেন

জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০২৩৩৪৪-৯১৪৪২

ইমেইল: dco.noakhali@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৪২.০০১.২০.৬৬০/১

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯


২৫ এপ্রিল ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

১) সভাপতি/ সম্পাদক, মেয়াদুত্তীর্ণ কমিটি, খানসিড়ি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।গ্রাম/মোকাম : ঘাটলা, ডাকঘর : ঘাটলা, উপজেলা : বেগমগঞ্জ, জেলা : নোয়াখালী।

২) উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।



২৫-৪-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা